

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৬৭
বিলোনীয়া, ১৯ জুন, ২০২৪

শিশু পাচার প্রতিরোধ
বিলোনীয়ায় কর্মশালা

জাতীয় শিশু অধিকার সুরক্ষা কমিশনের উদ্যোগে এবং রাজ্য শিশু অধিকার সুরক্ষা কমিশন ও দক্ষিণ ত্রিপুরা জেলা প্রশাসনের সহযোগিতায় আজ বিলোনীয়া সার্কিট হাউসের কনফারেন্স হলে শিশু পাচার প্রতিরোধ বিষয়ক এক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় উপস্থিত ছিলেন জাতীয় শিশু অধিকার সুরক্ষা কমিশনের কনসালটেন্ট সুনাক্ষী রাধিকা, জেলাশাসক ও সমাহর্তা ডা. সিদ্ধার্থ শিব জয়সবাল, অতিরিক্ত পুলিশ সুপার মরিয় কৃষ্ণ চন্দ্র শেখর, অতিরিক্ত জেলাশাসক (পিপি) হেমন্ত দেববর্মা, মহকুমা শাসকগণ, মহকুমা পুলিশ আধিকারিকগণ, ব্লক আধিকারিকগণ, সীমান্ত সুরক্ষা বাহিনীর কমান্ডেন্টগণ, রাজ্য শিশু অধিকার সুরক্ষা কমিশনের সদস্যবৃন্দ, জেলা শিশু কল্যাণ কমিটির সদস্যগণ, সমাজকল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের আধিকারিক, তথ্য ও সংস্কৃতি দপ্তরের আধিকারিক সহ চাইল্ডলাইন ও অন্যান্য এনজিও-র সদস্য-সদস্যগণ। কর্মশালায় সুনাক্ষী রাধিকা দক্ষিণ ত্রিপুরার শিশু অধিকার সুরক্ষায় গৃহীত বিভিন্ন ব্যবস্থার খোঁজ খবর নেন এবং শিশু অধিকার সুরক্ষায় জাতীয় কমিশনের গৃহীত বিভিন্ন পদক্ষেপ পাওয়ারপয়েন্ট প্রেজেন্টেশানের মাধ্যমে আলোচনায় তুলে ধরেন। তিনি শিশু অধিকার রক্ষায় গৃহীত বিভিন্ন পদক্ষেপের সঠিক বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করেন এবং এ বিষয়ে সকলকে আন্তরিক হওয়ার আবেদন জানান। তিনি বাল্যবিবাহ রোধে জেলাশাসকের গৃহীত বিভিন্ন পদক্ষেপে সন্তোষ প্রকাশ করেন।

কর্মশালায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন জেলাশাসক, অতিরিক্ত পুলিশ সুপার এবং রাজ্য শিশু অধিকার সুরক্ষা কমিশনের সদস্যা শর্মিলা চৌধুরী। বক্তাগণ শিশু পাচার ও বাল্যবিবাহ বন্ধ করতে শুভবুদ্ধিসম্পন্ন প্রতিটি নাগরিককে এগিয়ে আসতে আহ্বান জানান। উল্লেখ্য, জাতীয় শিশু অধিকার সুরক্ষা কমিশন দেশের সীমান্ত ও সীমান্ত সংলগ্ন ১০০টি জেলায় এ ধরনের কর্মশালা আয়োজনের উদ্যোগ নিয়েছে। আজকের কর্মশালা এই অনুষ্ঠানেরই অঙ্গ।
